# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১. সদাপ্রভু একজন যুদ্ধ-মানব

বাইবেলীয় যুদ্ধের বিষয়ে বিশেষ লক্ষণীয় যে, বাইবেল ঈশ্বরকে একজন যুদ্ধ-মানব বলে চিত্রিত করেছে। “The LORD is a man of war: the LORD is his name.” আরবি বাইবেলে ‘الرب رجل الحرب’ অর্থাৎ “সদাপ্রভু/ মাবদু যুদ্ধের মানুষ (যুদ্ধ-মানব); সদাপ্রভু/ মাবুদ তাঁর নাম।” (যাত্রাপুস্তক/ হিজরত ১৫/৩)

“a man of war” বাক্যাংশের স্বাভাবিক অর্থ যুদ্ধ-মানব বা যুদ্ধের মানুষ। বাইবেলে বিভিন্ন স্থানে এটার অর্থ করা হয়েছে: ‘একজন বড় যোদ্ধা’, ‘একজন সাহসী বীর ও যোদ্ধা’, ‘যোদ্ধা’, ‘বীরযোদ্ধা’ ইত্যাদি। (দেখুন: ইউসা/যিহোশূয় ১৭/১; ১ শামুয়েল ১৬/১৮; ১৭/৩৩; ২ শামুয়েল ১৭/৮; ১ বংশাবলি/ খান্দাননামা ২৮/৩; যিশাইয় ৪২/১৩) কেরির অনুবাদে উপরের শ্লোকটা নিম্নরূপ: “সদাপ্রভু যুদ্ধবীর; সদাপ্রভু তাঁহার নাম।” কি. মো.-০৬ “তাঁর নাম ‘মাবুদ’; তিনি বীর যোদ্ধা”। জুবিলী বাইবেল: “প্রভু মহাযোদ্ধা, প্রভুই তো তাঁর নাম।”

এভাবে বাইবেলের বর্ণনা অনুসারে ঈশ্বরের একটা মৌলিক পরিচয় যে তিনি একজন যুদ্ধ-মানব বা বীর যোদ্ধা। কাজেই সদাপ্রভুর বিশ্বাসী সেবক ও ধার্মিক মানুষ কখনোই যুদ্ধ বিমুখ হতে পারে না। বাইবেল বিভিন্ন স্থানে বিষয়টা নিশ্চিত করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14546

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন